



সৃজনশীল-এমসিকিউ-বর্ণনামূলক প্রশ্নের সমন্বয়ে জুনিয়র বৃত্তি পরীক্ষা হবে

ইন্ডোফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১৭ সেপ্টেম্বর ২০২৫, ১৭:৩৯



জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০২৫ এর বিষয়ভিত্তিক প্রশ্নপত্রের কাঠামো ও নম্বর বণ্টন প্রকাশ করেছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)।

 **দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন**

নতুন কাঠামো অনুযায়ী পরীক্ষায় পাঁচটি বিষয় থাকবে। প্রতিটি বিষয়ে বহুনির্বাচনী (এমসিকিউ), সংক্ষিপ্ত-উত্তর ও সৃজনশীল প্রশ্নের সমন্বয়ে পরীক্ষা নেওয়া হবে বলে জানানো হয়েছে। তিন ঘণ্টা সময়ের এ পরীক্ষায় সব প্রশ্নের উত্তর দেওয়া বাধ্যতামূলক।

সম্প্রতি এক প্রজ্ঞাপনে দেশের সব সরকারি ও বেসরকারি স্কুল ও কলেজকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়।

জানা গেছে, বাংলা বিষয়ে পূর্ণমান ১০০। এর মধ্যে ২০ নম্বর বহুনির্বাচনী, ৪০ নম্বর সৃজনশীল, ১০ নম্বর বর্ণনামূলক প্রশ্ন এবং ৩০ নম্বর রচনামূলক অংশ। ইংরেজি বিষয়েও পূর্ণমান ১০০, যেখানে পাঠ্যবোধ (Reading), ব্যাকরণ (Grammar) ও রচনা (Writing) অংশ মিলিয়ে প্রশ্ন থাকবে। গণিত বিষয়েও ১০০ নম্বরের পরীক্ষা হবে, যেখানে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি ও তথ্য-উপাত্ত অংশ থেকে বহুনির্বাচনী, সংক্ষিপ্ত ও সৃজনশীল প্রশ্ন থাকবে।

অন্যদিকে বিজ্ঞান এবং বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের প্রতিটির পূর্ণমান ৫০। প্রতিটি বিষয়ে ১০ নম্বরের বহুনির্বাচনী প্রশ্ন, ১০ নম্বরের সংক্ষিপ্ত-উত্তর এবং ৩০ নম্বরের সৃজনশীল প্রশ্ন থাকবে। এসব পরীক্ষার সময় নির্ধারিত হয়েছে দেড় ঘণ্টা।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) নির্দেশনায় বলা হয়েছে, সংশ্লিষ্ট জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, শিক্ষা অফিসার এবং প্রতিষ্ঠান প্রধানদের অবহিত করে নতুন প্রশ্ন কাঠামো অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।